

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা

শুদ্ধাচার নৈতিকতা কমিটির ৩/২০১৯-২০২০ নং সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মুহাম্মদ দিলোয়ার বখ্ত, সচিব, দুর্নীতি দমন কমিশন।
সভার স্থান : সচিব, দুর্নীতি দমন কমিশন – এর দাপ্তরিক কক্ষ, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
তারিখ : ০৮/০৩/২০২০ খ্রিঃ
সময় : ১০.০০ টা।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। প্রথমেই দুর্নীতি দমন কমিশনের বিভিন্ন অনুবিভাগ কর্তৃক দাখিলকৃত উত্তমচর্চার খসড়া তালিকা নিয়ে আলোচনা করা হয়। এরপর ২৪/১২/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত শুদ্ধাচার নৈতিকতা কমিটির ২য় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। অতঃপর শুদ্ধাচার কৌশল পরিকল্পনার ৩নং কোয়ার্টারের লক্ষ্যমাত্রাসমূহ নিয়ে আলোচনা করা হয়। অতঃপর, সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র. নং	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	উত্তম চর্চার তালিকা প্রণয়ন	দুর্নীতি দমন কমিশনের বিভিন্ন অনুবিভাগ থেকে প্রাপ্ত খসড়া উত্তমচর্চার তালিকার বিষয়ে সভায় আলোচনা ও সিদ্ধান্ত অনুসারে তালিকাটি সংশোধনপূর্বক অনুমোদনের নিমিত্ত নথি উপস্থাপন করতে হবে এবং অনুমোদিত উত্তমচর্চার তালিকা ৩১ মার্চ, ২০২০ খ্রিঃ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক (প্রশাসন) ও মহাপরিচালক (প্রতিরোধ)
২.	কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	আগামী ৩১ মার্চ, ২০২০ খ্রিঃ এর মধ্যে অন্তত ২৫ জন কর্মকর্তা-কর্মচারীর অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা।	মহাপরিচালক (প্রশিক্ষণ ও আইসিটি)
৩.	শুদ্ধাচার সেবা বক্স হালনাগাদ করা	আগামী ৩১ মার্চ, ২০২০ খ্রিঃ -এর মধ্যে তৃতীয় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী শুদ্ধাচার সেবা বক্স হালনাগাদ করা।	মহাপরিচালক (প্রশিক্ষণ ও আইসিটি) ও সিস্টেম অ্যানালিস্ট
৪.	GRS সেবা বক্স হালনাগাদ করণ	আগামী ৩১ মার্চ, ২০২০ খ্রিঃ এর মধ্যে দুর্নীতি দমন কমিশনের ওয়েবসাইটে দুদকের অভিযোগ প্রতিকার ব্যবস্থা(GRS) কে একটি স্বতন্ত্র সেবা বক্স হিসেবে হালনাগাদ করতে হবে।	মহাপরিচালক (প্রশিক্ষণ ও আইসিটি) ও সিস্টেম অ্যানালিস্ট

৫.	প্রকল্প অগ্রগতি পরিবীক্ষণ	বাস্তবায়ন পরিদর্শন	আগামী ৩১ মার্চ, ২০২০ খ্রিঃ তারিখের পূর্বে একজন প্রকল্প পরিচালককে একবার দুর্নীতি দমন কমিশনের সংশ্লিষ্ট প্রকল্প পরিদর্শনপূর্বক মহাপরিচালক (প্রশাসন) বরাবর পরিদর্শন প্রতিবেদন দাখিলের নির্দেশ প্রদান করতে হবে এবং এর আলোকে প্রকল্প পরিদর্শন প্রতিবেদনের বাস্তবায়ন নিরূপণ করতে হবে।	মহাপরিচালক (প্রশাসন)
৬.	শুদ্ধাচার প্রদান	পুরস্কার	আগামী ১৫ কর্ম-দিবসের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭ অনুযায়ী দুর্নীতি দমন কমিশনের কর্মকর্তাবৃন্দের জন্য পুরস্কার প্রদানের ক্রাইটেরিয়া নিরূপণে সভাপতি বরাবর সুনির্দিষ্ট মতামত লিখিতভাবে উপস্থাপন করতে হবে। পুরস্কার নীতিমালা চূড়ান্ত হওয়ার পর পুরস্কার প্রাপ্য কর্মকর্তাদের মনোনয়ন চূড়ান্ত করার লক্ষ্যে সকল বিভাগীয় ও জেলা কার্যালয় থেকে কর্মকর্তাদের নাম চাওয়া হবে।	মহাপরিচালক (সকল)
৭.	বিক্রেতা স্টোর স্থাপন	বিহীন সততা	দুর্নীতি দমন কমিশনের বাজেটের বাইরে (স্কুল নিজস্ব উদ্যোগ/স্থানীয় উদ্যোগ/ প্রশাসনের উদ্যোগে) কতটি সততা স্টোর স্থাপন করা হবে, কোনগুলো কত তারিখের মধ্যে করা হবে তার বিভাগভিত্তিক টার্গেট নির্ধারণপূর্বক আগামী সময় সভায় উপস্থাপন করতে হবে।	মহাপরিচালক (প্রশিক্ষণ ও আইসিটি)
৮.	বিভাগীয় সমূহের কৌশল কাঠামো প্রস্তুত	কার্যালয় শুদ্ধাচার পরিবীক্ষণ	আগামী ১০/০৩/২০২০ তারিখে প্রধান কার্যালয় সকল বিভাগীয় পরিচালক মহোদয়ের উপস্থিতিতে তদনুযায়ী প্রত্যেক পরিচালক কর্তৃক নিজ নিজ বিভাগীয় কার্যালয়ের শুদ্ধাচার পরিবীক্ষণ কাঠামো প্রণয়নের ১ ঘন্টাব্যাপী সেশন আয়োজন করা হবে। পরবর্তীতে ঢাকা বিভাগীয় কার্যালয়ের পরিচালক কে ঢাকা বিভাগীয় কার্যালয়ের শুদ্ধাচার কৌশল পরিবীক্ষণ কাঠামো চূড়ান্ত করার জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হবে।	মহাপরিচালক (প্রশিক্ষণ ও আইসিটি)

মহাপরিচালক (প্রতিরোধ) সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন আগামী ২৯ মার্চ, ২০২০ খ্রিঃ এর মধ্যে সভাপতির নিকট নথিতে উপস্থাপন করবেন।

পরিশেষে, সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।


স্বাক্ষরিত/-
মুহাম্মদ দিলোয়ার বখ্ত
সচিব
দুর্নীতি দমন কমিশন

স্মারক নং/দুদক /১১১৪৪(১৬)

তারিখ ১৫/০৩/২০২০খ্রি.

অনুলিপি: (জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১. মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ✓ ৩. সিস্টেম অ্যানালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (দুর্নীতি দমন কমিশনের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে আপলোডের জন্য)।
৪. চেয়ারম্যানের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সানুগ্রহ অবগতির জন্য)।
৫. কমিশনার (অনুসন্ধান/তদন্ত)এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনারের মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৬. সচিবের একান্ত সচিব দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।


১৫/৩/২০

গোলাম শাহরিয়ার চৌধুরী
পরিচালক(NIS ও UNCAC Focal Point)
দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়, ঢাকা।